



ট্রাম্পের সতর্কবার্তার পর ইরানে মার্কিন হামলা



সংগৃহীত ছবি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কঠোর সতর্কবার্তার পর ইরানের বিভিন্ন স্থানে নতুন করে সামরিক হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, এসব অভিযান আত্মরক্ষামূলক এবং ইরানের ধারাবাহিক আগ্রাসনের প্রতিক্রিয়া হিসেবে পরিচালিত হয়েছে। ইরানের গণমাধ্যমগুলো জানিয়েছে, হামলার সময় বন্দর আব্বাস, কেশম দ্বীপ, সিরিক ও মিনাবসহ কয়েকটি এলাকায় বিস্ফোরণের শব্দ শোনা যায়। পাশাপাশি পশ্চিম তেহরানেও বিমান প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয়েছে বলে খবর প্রকাশ করা হয়েছে। এদিকে ইরানের মেহের নিউজ এজেন্সি জানিয়েছে, দেশটির সামরিক বাহিনী হরমুজ প্রণালিতে সব ধরনের জাহাজ চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এর আওতায় তেলবাহী ট্যাংকার ও বাণিজ্যিক জাহাজও রয়েছে। সাম্প্রতিক উত্তেজনার আগে ট্রাম্প বলেছিলেন, ইরান এমন একটি চুক্তি নিয়ে আলোচনায় দীর্ঘ সময় ব্যয় করেছে, যা তাদের জন্য লাভজনক হতে পারত। তার ভাষায়, সেই বিলয়ের পরিণতি এখন ইরানকে ভোগ করতে হবে। নতুন এই হামলা ও পাল্টা পদক্ষেপের ফলে মধ্যপ্রাচ্যের নিরাপত্তা পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে বলে মনে করছেন বিশ্লেষকরা।